গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।
unokaliganjgazipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩৪.০০০.১৫.০০১.২৩- ৪০৭

তারিখ ঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০
১৪ জুন ২০২৩

## পবিত্র ঈদুল-উল আযহা ২০২৩ উপলক্ষ্যে অস্থায়ী কোরবানীর পশুর হাটের ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০৬/২০২৩ খ্রি. তারিখ নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী পবিত্র ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষে কালীগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত অস্থায়ী কোরবানীর পশুর হাটসমূহ ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উন্মুক্ত নিলাম ডাক অনুষ্ঠিত হবে। নিম্নলিখিত শর্তসমূহে উক্ত নিলাম ডাকে অংশ গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অস্থায়ী কোরবানী পশুর হাটের বিবরনীঃ

| ক্রমিক নং | অস্থায়ী পশুর হাটের নাম | অবস্থান | নিলাম ডাকের স্থান ও সময় |
|---|---|---|---|
| ০১ | নোয়াপাড়া বাজার | মোক্তারপুর ইউনিয়ন | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর। তারিখ ঃ ১৯/০৬/২০২৩ সময়ঃ সকাল ১০.০০ টা |
| ০২ | রাথুরা বাজার সংলগ্ন মাঠ | | |
| ০৩ | বড়গাঁও বাজার | | |
| ০৪ | সাওরাইদ বাজার সংলগ্ন বালুর মাঠ | | |
| ০৫ | চুপাইর কোরবানী পশুর হাট | জামালপুর ইউনিয়ন | |
| ০৬ | জামালপুর কোরবানীর পশুর হাট | | |
| ০৭ | নারগানা নতুন বাজার কোরবানীর পশুর হাট | | |
| ০৮ | জাঙ্গালীয়া বাজার পশুর হাট | জাঙ্গালীয়া ইউনিয়ন | |
| ০৯ | আওড়াখালী বাজার পশুর হাট | | |
| ১০ | নরুন বাজার পশুর হাট | | |
| ১১ | আজমতপুর বিশ্বরোড সংলগ্ন পশুর হাট | | |
| ১২ | আটলাব বাজার পশুর হাট | বক্তারপুর ইউনিয়ন | |
| ১৩ | ভাটিরা বাজার পশুর হাট | | |
| ১৪ | দক্ষিণ রাজনগর নয়া বাজার কাচারীবাগ সংলগ্ন মাঠ | তুমুলিয়া ইউনিয়ন | |
| ১৫ | সোম বাজার সংলগ্ন মাঠ | | |
| ১৬ | পানজোড়া সিকদার বাড়ি মসজিদ সংলগ্ন মাঠ | নাগরী ইউনিয়ন | |
| ১৭ | উলুখোলা বাজার | | |
| ১৮ | রায়েদিয়া উচ্চ বিদ্যালয় সংলগ্ন মাঠ | | |
| ১৯ | শহিদ ময়েজউদ্দিন ফেরিঘাট রেলওয়ে ঈদগাহ মাঠ | বাহাদুরসাদী ইউনিয়ন | |

শর্তাবলিঃ

০১। কোরবানীর পশুর হাটসমূহ অস্থায়ীভাবে আসন্ন ঈদ-উল-আযহা দিন পর্যন্ত বসবে। সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন, সড়ক/মাহসড়কের সন্নিকটে অস্থায়ী কোরবানীর পশুর হাট বসানো যাবে না।

০২। নিলাম ডাকে অংশগ্রহকারীকে ডাকের পূর্বেই ১০.০০০/- (দশ হাজার টাকা) মাত্র জামানত হিসেবে কর্তৃপক্ষের নিকট ৯.৩০ টার মধ্যে জমা প্রদান করতে হবে। ডাক শেষে অকৃতকার্যদের উক্ত জামানতের অর্থ ফেরত প্রদান করা হবে এবং কৃতকার্য ডাককারীর জামানতের অর্থ ইজারা মূল্যের সাথে মমন্বয় করা হবে।

০৩। উন্মুক্ত নিলামে সর্বোচ্চ ডাককারী ইজারা প্রাপ্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হবে।

০৪। নিলাম ডাকের সাথে সাথে ইজারাদারকে ইজারা মূল্যের সমুদয় অর্থ (১০%) আয়কর ও (১৫%) অর্থ ভ্যাটসহ পরিশোধ করতে হবে। অন্যথায় পুনঃনিলামের ব্যবস্থা নেওয়া হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

০৫। সরকার অনুমোদিত টোল চার্ট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ডাককারী নিজ খরচে হাটের একাধিক দৃশ্যমান স্থানে টোল চার্ট ঝুলিয়ে প্রচার করবেন।

০৬। ইজারাদার কোনক্রমেই অস্থায়ী কোরবানীর পশুর হাটটি অন্যের নিকট সাবলীজ দিতে পারবেন না।যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৭। মহাসড়কের উপর ট্রাক থামিয়ে পশু উঠানো বা নামানো যাবে না। কোরবানির পশু বহনকারী যানবাহন সড়ক/মহাসড়ক থেকে নিরাপদ দূরত্ব রাখতে হবে যাতে যানবাহন চলাচল/কোরবানির পশু পরিবহনে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় ।

চলমান পাতা-২

০৮ ।ইজারাদার নিজ খরচে হাট পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।
০৯ । কোরবানীর পশু কেনা বেচা করার সময় জাল নোট সনাক্তকরণ মেশিন ইজারাদার নিজ খরচে ব্যবহার করবেন।
১০ । হাটে আগত ক্রেতা বিক্রেতাসহ সংশ্লিষ্ট সকলকে সাস্থ্যবিধি মেনে কেনা বেচা করার বিষয়ে মাইকে প্রচার করতে হবে।
১১ । উল্লিখিত শর্তাবলী ছাড়াও সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য শর্তাবলী /নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
১২ । কর্তৃপক্ষ ইজারা সংক্রান্ত সকল ক্ষমতা সংরক্ষণ করেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা রাখেন।

১৪.০৬.২৩

মোঃ আজিজুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর ।
ফোন:০১৭৮৩৮৬৯০৩০
unokaliganjgazipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩৪.০০০.১৫.০০১.২৩- ৪০৭

তারিখ ঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০ / ১৪ জুন ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমনুসাওে নয়-)

০১ জনাব মেহের আফরোজ চুমকি, মাননীয় সংসদ সদস্য, গাজীপুর-৫ এবং সভাপতি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২ । জেলা প্রশাসক, গাজীপুর।
০৩ । পুলিশ সুপার, গাজীপুর।
০৪ । চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
০৫ । উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর/কাপাসিয়া/শ্রীপুর/কালিয়াকৈর, গাজীপুর।
০৬ । সহকারী কমিশনার (ভূমি),কালীগঞ্জ, গাজীপুর। তাঁকে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণের মাধ্যেমে বিজ্ঞপ্তিটি হাটসমূহে মাইক/ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭ । অফিসার ইনর্চাজ, কালীগঞ্জ থানা, গাজীপুর। ধার্য্য তারিখে নিলাম ডাকের সময় আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৮ । উপজেলা অফিসার ও সদস্য, উপজেলা হাট বাজার দরপত্র মূলায়ন কমিটি, কালীগঞ্জ, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি প্রচারসহ ধার্য্য তারিখে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
০৯ । সহকারী প্রোগামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালীগঞ্জ, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোটালে আপলোডসহ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০ । চেয়ারম্যান , ইউনিয়ন পরিষদ (সকল) , কালীগঞ্জ, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি হাটসমূহে মাইক/ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ ধার্য্যকৃত তারিখে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
১১ । ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), কালীগঞ্জ, গাজীপুর। বিজ্ঞপ্তিটি হাতে পাওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট হাটের জনবহুল স্থানে ঢোলশহরত এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ নির্ধারিত তারিখের পূর্বেই এস আর ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো।
১২ । উপজেলা পরিষদ নোটিশ বোর্ড, কালীগঞ্জ, গাজীপুর।
১৩ । অফিস কপি।

১৪.০৬.২৩

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপ